SMALL BUSINESS MAJORITY

## কোভিড - 19 চলাকালীন শিকারী ঋণ এড়ানোর জন্য সুপরামর্শ

মূলধনের উৎস অনুসন্ধান করার সময় শিকারী ঋণদাতা এবং অর্থায়ণের শর্তগুলি সম্বন্ধে অবগত হওয়া গুরুত্বপূর্ণ। যদিও এখন অনেক ঋণদাতারা প্রচেষ্টারত ছোট ব্যবসায়ীদের পরিষেবা দেওয়ার জন্য তৎপর, সব ক্ষুদ্র ব্যবসার অর্থায়ণ ফেডারেল সরকার দ্বারা নিয়ন্ত্রিত নয়, এবং কিছু মন্দ খেলোয়াড় যেসব ক্ষুদ্র ব্যবসা ঋণের জন্য মরীয়া, তাদের উপর সুযোগ নিতে পারে। কিছু খেলোয়ার ক্ষুদ্র ব্যবসায়ীদের সরকারী ত্রাণ কার্যক্রমের প্রস্তাব দিয়ে জালিয়াতির চেষ্টা করছেন। অতিরিক্তভাবে, প্রচলিত ঋণ পণ্যের মত নিয়ন্ত্রিত নয় এমন কিছু অন্যান্য ধরণের ঋণ পণ্যের মধ্যে রয়েছে অনলাইন বিপণী ঋণ, পেমেন্ট বিক্রেতা ঋণ, ব্যবসায়ী অগ্রিম অর্থ প্রদান, এবং অন্যান্য স্বল্প-মেয়াদী ঋণ। এই প্রক্রিয়াতে ঋণের দালালদের ভূমিকা বোঝাও গুরুত্বপূর্ণ। একটি ঋণের দালাল ঋণদাতা নয় - এরা একটি তৃতীয় পক্ষ যারা আপনার ব্যবসাকে একটি ঋণদাতার কাছে অর্থায়ণের জন্য "বিপণন" করে।

যদি আপনার ক্ষুদ্র ব্যবসা কোভিড-19 দ্বারা প্রভাবিত হয়ে থাকে এবং আপনি অর্থায়ণ অনুসন্ধানের প্রক্রিয়ার মধ্যে আছেন, তবে শিকারী ঋণদাতাদের এড়াতে এবং ঋণদান প্রক্রিয়াটি সঠিক পথে পরিচালনা করতে নীচে কিছু পরামর্শ ও সংস্থান দেওয়া হল।

### মার্কিন স্মল বিজনেস এডমিনিস্ট্রেশন (এসবিএ)-এর মাধ্যমে মূলধন নিতে চাইলে

- সমস্ত ইকনোমিক ইনজ্যুরী ডিসাস্টার লোন (ইআইডিএল) এসবিএ-র মাধ্যমে বিতরণ করা হয়, অন্য কোন ঋণদাতাকে এটি করার অনুমতি দেওয়া হয় না। কোন ঋণদাতা আপনাকে এসবিএ ইআইডিএল ঋণ দেওয়ার প্রস্তাব দিলে তা এড়িয়ে চলবেন।
- 7(a), পিপিপি কিংবা ইআইডিএল ঋণ দেওয়ার জন্য এসবিএ আপনার কাছে যাবে না। যদি এসবিএ-র লোক বলে নিজেকে দাবী করে কেউ আপনার সাথে যোগাযোগ করে তাহলে প্রতারণা সন্দেহ করবেন।
- যদি এসবিএ ঋণের অনুমোদনের প্রতিশ্রুতি দিয়ে কেউ আপনার সাথে যোগাযোগ করে কিন্তু অগ্রিম অর্থ চায় কিংবা অন্তর্বর্তীকালীন উচ্চ সুদযুক্ত একটি সেতু ঋণের প্রস্তাব দেয় তাহলে প্রতারণা সন্দেহ করবেন।
- বেতন সুরক্ষা কার্যক্রম ঋণ 7(a) অনুমোদিত ঋণদাতাদের মাধ্যমে প্রস্তাবিত হবে। এসবিএ পিপিপি ঋণ করতে সক্ষম অনুমোদিত ঋণদাতাদের সংখ্যা বাড়িয়ে দিচ্ছে। যদি কোন ঋণদাতার ক্ষমতার সম্বন্ধে দ্বিধা থাকে তাহলে আপনার স্থানীয় এসবিএ জেলা অফিসে যোগাযোগ করুন।
- একটি পিপিপি বা ইআইডিএল ঋণের জন্য আবেদন করা বা বন্ধ করার জন্য কোন ফি ধার্য করা উচিত নয়। সরকার ঋণদাতাদের তাদের ফি প্রদান করবে।
- আপনি যদি কোনও এসবিএ ঋণের জন্য আবেদনের প্রক্রিয়াধীন থাকেন এবং ব্যক্তিগতভাবে তথ্য সনাক্তকরণের জন্য ইমেল চিঠিপত্র প্রাপ্ত হন তবে নিশ্চিত হয়ে নিন যে রেফারেন্সযুক্ত অ্যাপ্লিকেশন নম্বরটি প্রকৃত আবেদন সংখ্যার সাথে সামঞ্জস্যপূর্ণ।

**আরো তথ্য:** https://www.sba.gov/document/report--sba-programs-scams-fraud-alerts

**অর্থায়ণ সম্বন্ধে আপনার ক্ষুদ্র ব্যবসার কাহিনী থাকলে স্মল বিজনেস মেজরিটি-কে জানান!** আমাদের জরীপটি এখানে দেখুন: https://www.surveymonkey.com/r/5F2VKFG (কেবল ইংরাজী)

## মূলধনের অন্যান্য উৎস অনুসন্ধান করার সময়

অর্থায়ণের জন্য আবেদন করার আগে আপনার ঋণদাতা বা দালালের বিষয়ে সঠিক প্রশ্নগুলি জিজ্ঞাসা করা জরুরী। ঋণ প্রক্রিয়া চলাকালীন আপনাকে পথ প্রদর্শন করার জন্য নীচে একটি যাচাই তালিকা দেওয়া হল। অতিরিক্ত পরামর্শ এবং পথপ্রদর্শনের জন্য আমাদের সংস্থান পোর্টাল দেখুন এখানে Venturize.org।

**যাচাইতালিকা**

- ❑ বার্ষিক সুদের হার বা এপিআর কী? আপনি সোজাসুজি উত্তর না পেলে সতর্ক হন। আপনার ঋণের বার্ষিক সুদের হার জানা থাকলে আপনি অন্য বিকল্পের সাথে তুলনা করতে পারবেন।
- ❑ সমস্ত ফি গুলি কি কি? এগুলি কি উদ্ধৃত সুদের হারের অন্তর্ভুক্ত? অর্থ প্রদানের পরিমাণ এবং পৌনঃপুনিকতা কি?
- ❑ ঋণটির জীবনকালে তার সম্পূর্ণ খরচ কি?
- ❑ আমি যদি ঋণটি অগ্রিম পরিশোধ করি, তাহলে কি ধার করা আসল ব্যতীত অন্য কিছু অর্থ দিতে হবে? তাই যদি হয় তাহলে অগ্রিম পরিশোধ করার খরচ কি? আপনি আপনার ঋণ অগ্রিম ফেরত দিলেও কিছু ঋণদাতারা অর্থায়ণের মূল্য প্রয়োগ করতে পারে। যদিও এটি একটি ব্যয়, তারা এটিকে একটি "অগ্রিম অর্থ ফেরত দেওয়ার ছাড়" হিসেবে ব্যাখ্যা করতে পারে।
- ❑ আমি যদি ভবিষ্যতে আপনার কাছ থেকে দ্বিতীয়বার ঋণ গ্রহণ করি তবে কি আমি "ডাবল ডিপড" হব? অর্থা আমার আগের ঋণের বিদ্যমান আসলের উপর কি আমাকে কোন অর্থায়ণের মূল্য দিতে হবে?
- ❑ আমার ঋণের প্রস্তাব গ্রহণ করার জন্য আমার উপর কি কোন সংক্ষিপ্ত সময়সীমা আরোপ করা হবে? অযৌক্তিক দ্রুত সময়সীমার মধ্যে
- ❑ একটি ঋণে সম্মত হওয়ার জন্য আপনাকে চাপ দেওয়া উচিত নয়।
- ❑ আপনি কি আমার ঋণ পরিশোধের তথ্য মূখ্য ক্রেডিট ব্যুরোদের জানাবেন যাতে আমি আমার ব্যবসার ঋণযোগ্যতা বৃদ্ধি করতে পারি? আপনি কি ইতিবাচক ও নেতিবাচক উভয় তথ্যই জানাবেন? যদি আমি পরিশোধ করতে অক্ষম হই তাহলে আপনি কিভাবে ঋণ সংগ্রহ করতে চেষ্টা করবেন?
- ❑ যদি একটি দালালের সাথে কাজ করেন তাহলে জিজ্ঞাসা করুনঃ
  - ❑ আপনি আমার কাছে যে প্রতিটি বিকল্প উপস্থাপন করছেন তাদের বার্ষিক সুদের হার বা এপিআর কি?
  - ❑ আপনি একজন দালাল, আমার বা ঋণদাতার কাছ থেকে প্রতিটি বিকল্পের জন্য কত পাবেন? আমি কোন নির্দিষ্ট ঋণ নিলে কি আপনি আরো বেশী টাকা পাবেন?
  - ❑ যে সব ঋণ গ্রহীতারা আপনার সাথে কাজ করেন তারা শেষ পর্যন্ত কোথায় পৌছন তার একটি সামগ্রিক সংক্ষিপ্তসার কি দেখতে পারি? গড়ে সুদের হার কি? কতজন ব্যাঙ্ক ঋণ, মধ্য-মেয়াদী অনলাইন ঋণ, কিংবা ব্যবসায়ী নগদ অগ্রিম বা স্বল্প মেয়াদী ঋণ নেন?

**আমরা আপনাকে স্মল বিজনেস বরোয়ার্স বিল অফ রাইটস-এর সাথে পরিচিত হতে উসাহিত করি যেটা আমরা রেসপনসিবল বিজনেস লেণ্ডিং কোয়ালিশন এর অংশ হিসাবে প্রস্তুত করতে সহায়তা করেছি।** এগুলি মৌলিক অর্থায়ণের অধিকার যা আমরা সমস্ত ক্ষুদ্র ব্যবসায়ের প্রাপ্য বলে বিশ্বাস করি - যেসব অধিকার বেশীর ভাগ ক্ষেত্রে আইন দ্বারা সুরক্ষিত নয়। সেগুলি নিম্নলিখিতঃ

- স্বচ্ছ মূল্য নির্ধারণ ও শর্তাদির অধিকার (দ্য রাইট টু ট্রান্সপারেন্ট প্রাইসিং এণ্ড টার্মস)
- আপত্তিজনক নয় এমন পণ্য অধিকার (দ্য রাইট টু নন-এবিউসিভ প্রোডাক্টস)
- দায়িত্বপূর্ণ আণ্ডাররাইটিং-এর অধিকার (দ্য রাইট টু রেস্পন্সিবল আণ্ডাররাইটিং)
- দালালদের কাছ থেকে ন্যায্য ব্যবহারের অধিকার (দ্য রাইট টু ফেয়ার ট্রিটমেন্ট ফ্রম ব্রোকার্স)
- ইনক্লুসিভ ক্রেডিট এক্সেস-এর অধিকার (দ্য রাইট টু ইনক্লুসিভ ক্রেডিট এক্সেস)
- ন্যায্য কালেকশন রীতির অধিকার (দ্য রাইট টু ফেয়ার কালেকশন প্রসেস)

**আরো** জানুন**:** http://www.borrowersbillofrights.org/bill-of-rights.html

NATIONAL CAPACD

এই নথিটি এউইং মারিওন কফম্যান ফাউণ্ডেশন কাছ থেকে অনুদান নিয়ে ন্যাশনাল কোএলিশন ফর এসিয়ান প্যাসিফিক আমেরিকান কম্যুনিটি ডেভেলপমেন্ট-এর www.nationalcapacd.org সাথে অংশীদারিতে অনুবাদ করা হয়েছিল।